

## মধুখালী উপজেলা স্থায়ী শুমারি কমিটির সভার কার্যবিবরণী

সভাপতিঃ	মোঃ মোস্তফা মনোয়ার, উপজেলা নির্বাহী অফিসার, মধুখালী, ফরিদপুর।
সভার তারিখঃ	১৩ জুন ২০১৯ খ্রিস্টাব্দ
সভার স্থানঃ	উপজেলা পরিষদের সম্মেলন কক্ষ, মধুখালী, ফরিদপুর।
সময়ঃ	দুপুর ০১:১৫ ঘটিকা

সভার শুরুতে সভাপতি মহোদয় সকলকে ধন্যবাদ জানিয়ে সভার কাজ শুরু করেন।

সভায় সদস্য-সচিব উপজেলা পরিসংখ্যান কর্মকর্তা জানান যে, বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরোর অধীনে ০৯ জুন থেকে ২০ জুন ২০১৯ খ্রিস্টাব্দ সময়ের মধ্যে কৃষি (শস্য, মৎস্য ও প্রাণিসম্পদ) শুমারির তথ্য সংগ্রহ কার্যক্রম চলবে। তথ্য সংগ্রহ কার্যক্রম সঠিকভাবে মনিটরিং করার জন্য মধুখালী উপজেলার ১১টি ইউনিয়ন ও ১টি পৌরসভা-কে মোট ০৩টি জোনে বিভক্ত করা হয়েছে। মধুখালী পৌরসভা ০১ নং জোনের অন্তর্ভুক্ত রয়েছে। এবং ইউনিয়নগুলো ০২-০৩ নং জোনে অন্তর্ভুক্ত রয়েছে। কৃষি (শস্য, মৎস্য ও প্রাণিসম্পদ) শুমারির চূড়ান্ত তথ্য সংগ্রহ কার্যক্রম পরিচালনার জন্য ইতোমধ্যেই প্রথম ও দ্বিতীয় জোনাল অপারেশন সম্পন্ন করা হয়েছে। জোনাল অপারেশনের মাধ্যমে মৌজা ও গ্রাম/মহল্লার জিওকোড তালিকা, মৌজার সীমানা চিহ্নিতকরণ, গ্রাম/মহল্লার সীমানা চিহ্নিতকরণ এবং গ্রাম/মহল্লাগুলোকে তথ্য সংগ্রহের প্রয়োজনে EA ভিত্তিক ভাগ করা হয়েছে। প্রতিটি EA এর বিপরীতে একজন গণনাকারী তথ্য সংগ্রহের জন্য নিয়োজিত থাকবেন। প্রতিটি তথ্য সংগ্রহকারীকে ২৪০-৩০০টি খানার তথ্য সংগ্রহ করতে হবে। প্রতি ৫-৭ জন গণনাকারীর জন্য একজন করে সুপারভাইজার নিয়োজিত থাকবেন। কৃষি (শস্য, মৎস্য ও প্রাণিসম্পদ) শুমারি" সঠিক বাস্তবায়নে সকল জনগণের সম্পৃক্ত অত্যন্ত জরুরী। তাছাড়া ডিজিটাল বাংলাদেশ বিনির্মাণেও কৃষি (শস্য, মৎস্য ও প্রাণিসম্পদ) শুমারির গুরুত্বপূর্ণ ভূমিকা রয়েছে মর্মে উল্লেখ করেন সদস্য-সচিব। সকল ধরনের জনগণ যাতে করে স্বতঃস্ফূর্তভাবে শুমারির তথ্য প্রদানে উদ্বুদ্ধ হয় সেজন্য ব্যাপক গণসচেতনতা সৃষ্টির প্রয়োজন। সভায় সদস্য-সচিব এ লক্ষ্যে সকল ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান মহোদয় এবং উপজেলা শুমারি কমিটির সকল সম্মানিত সদস্যদের সহযোগীতা কামনা করেন। সভাপতি মহোদয় বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরোর অধীন কৃষি (শস্য, মৎস্য ও প্রাণিসম্পদ) শুমারির এ বিশাল কর্মকাণ্ডে সংশ্লিষ্ট সকলকে যাবতীয় সহযোগীতার আহবান জানান। উপজেলা শুমারি কমিটির সকল সম্মানিত সদস্যবৃন্দ নিজেদের অবস্থান থেকে কৃষি (শস্য, মৎস্য ও প্রাণিসম্পদ) শুমারির তথ্য সংগ্রহের যাবতীয় কাজে সার্বিক সহযোগীতা প্রদান করার প্রত্যয় ব্যক্ত করেন।

সভায় আর বিশেষ কোন আলোচনা না থাকায় সভাপতি মহোদয় সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।



মোঃ মোস্তফা মনোয়ার  
উপজেলা নির্বাহী অফিসার

ও

সভাপতি  
উপজেলা শুমারি কমিটি  
মধুখালী, ফরিদপুর।

তারিখঃ ১৩ জুন ২০১৯ খ্রিঃ

স্মারক নং-০৫.১২.২৯৫৬.০০০.৯৯.০২৭.১৭- ৬৪০

সদয় অবগতির জন্য

১. মহাপরিচালক, বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো, পরিসংখ্যান ভবন, আগারগাঁও, ঢাকা-১২০৭।
২. জেলা প্রশাসক, ফরিদপুর।
৩. যুগ্ম-পরিচালক, বিভাগীয় পরিসংখ্যান কার্যালয়, ঢাকা।
৪. উপ-পরিচালক, জেলা পরিসংখ্যান কার্যালয়, ফরিদপুর।
৫. জনাব.....সদস্য, উপজেলা শুমারি কমিটি, মধুখালী, ফরিদপুর।
৬. অফিস কপি।